



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ  
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০  
www.dpe.chittagongdiv.gov.bd



স্মারক নম্বরঃ ৩৮.০১.২০০০.০০০.০৮.০০৯.২৪-(৬)২

তারিখঃ ১১/০৩/২০২৪ খ্রিঃ

**অফিস আদেশ**

অত্র বিভাগের লক্ষ্মীপুর জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষককে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩ এর (১) এর (iii) বিধি মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটিসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে শিক্ষকের নামের পাশে বর্ণিত সময়ের জন্য বহিঃ বাংলাদেশ গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
০১.	জনাব মোহাম্মদ হারুনুর রশিদ, প্রধান শিক্ষক চরপাতা গাছিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় রায়পুর, লক্ষ্মীপুর।	১১/০৩/২০২৪ খ্রিঃ হতে ২৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ১৫ (পনের) দিন	পবিত্র ওমরাহ পালনের জন্য সৌদি আরব গমন

**শর্তাবলীঃ**

- তিনি কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- বিদেশে ভ্রমণকালে তিনি দেশীয় মুদ্রায় বেতন ভাতাদি প্রাপ্য হবেন।
- এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- ছুটি ভোগের পূর্বে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮/১২/২০২১ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-১৬৮৯ নং পত্র মোতাবেক অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-

(ড.মো: শফিকুল ইসলাম)

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

Email:ddchitt@gmail.com

স্মারক নম্বরঃ ৩৮.০১.২০০০.০০০.০৮.০০৯.২৪- (৬)২/ন

তারিখঃ ১১/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ০২। মহাপরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। রাষ্ট্রদূত, বাংলাদেশস্থ সৌদি আরব দূতাবাস, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল(রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ০৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অত্রাফিসকে অবহিত করবেন।
- ০৬। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০৭। উপজেলা শিক্ষা অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ০৮। জনাব মোহাম্মদ হারুনুর রশিদ, প্রধান শিক্ষক, চরপাতা গাছিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০৯। সংরক্ষণ নথি।

(ড.মো: শফিকুল ইসলাম)  
বিভাগীয় উপপরিচালক

১১.০৬.২৪